গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামগঞ্জ, লক্ষ্মীপুর
www.ramganj.lakshmipur.gov.bd/

# জুলাই, ২০২৩ খ্রি. মাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মনির হোসেন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

সভার তারিখ ও সময়ঃ ৩০.০৭.২০২৩ খ্রি. বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রামগঞ্জ, লক্ষ্মীপুর।

সভায় উপস্থিতি সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সভাপতি সদস্যগণের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতে সভাপতি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। সভায় সদস্যগণের কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহগ গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগসমূহের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগ সংক্রান্তঃ | **আলোচনাঃ**<br>০১। ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন কার্যক্রম পরিচালনার জন্য ইউনিয়ন পরিষদ ওয়ার্ড কমিটির চাহিদা মোতাবেক ডেভেলপমেন্ট স্কীম সংগ্রহের জন্য উপজেলা পরিষদের সম্মানিত সভাপতি মহোদয়কে অনুরোধ করা হলো।<br>০২। ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব তহবিল ও রাজস্ব উন্নয়ন তহবিল হতে ব্যয়ের সম্ভাব্য বিবরণী প্রদানের জন্য উপজেলা পরিষদের সভাপতি মহোদয়কে অনুরোধ করা হলো।<br>০৩। ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব উন্নয়ন তহবিল হতে ০৮ (আট) টি প্যাকেজের প্রাক্কলিত মূল্য ১,৬৪,৩৬,৮৬০.০০ (এক কোটি চৌষট্টি লক্ষ ছত্রিশ হাজার আটশত ষাট) টাকার স্কীমসমূহের চুক্তি সম্পাদন হওয়ার পর কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং কাজ চলমান রয়েছে।<br>০৪। উপজেলা প্রকৌশলী কার্যালয়ের কাজের গুনগত মান বৃদ্ধির জন্য স্টোর কক্ষ সংস্কার করা আবশ্যক। উক্ত কক্ষটি সেমি-ল্যাব হিসাবে ব্যবহার করা হবে। স্টোররুম ও সহকারী প্রকৌশলীর টয়লেট সংস্কারের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পিআইসি মাধ্যমে ব্যয় করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন।<br>০৫। ডেঙ্গু প্রতিরোধে উপজেলা পরিষদের প্রাঙ্গন পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য উপজেলা পরিষদতে অনুরোধ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br>১। উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথ গুনগত মান বজায় রেখে টেকসই উন্নয়ন বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, রামগঞ্জ, লক্ষ্মীপুর। |
| ২ | কৃষি বিভাগ সংক্রান্তঃ | **আলোচনাঃ** ০১। উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, আউশ ধান আবাদ লক্ষ্যমাত্রা ছিল ৪৫০.০০ হেক্টর জমি অর্জিত মাত্রা ৪০০.০০ হেক্টর জমি। গ্রীষ্মকালীন শাকসবজি ৩৫০.০০ হেক্টর এবং অর্জন ৩০০.০০ হেক্টর জমি। আমন ধান প্রণোদনা সম্ভাব্য ৫০০ জন, অর্জন সম্ভাব্য ৫০০ জন। আমন ধান হাইব্রিড ৭০জন। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রীকিকরণ প্রকল্প এর আওতায় ৫০% ভর্তুকিতে যন্ত্রপাতি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। রাসায়নিক সারের মজুদ ইউরিয়া, ৩৪.০০ মে.টন, টিএসপি ১২.০০ মে.টন, এম ও পি ১৬.০০ মে টন, ডি এ পি ৪৮.০০ মে. টন।<br>০২। তিনি বলেন, ২৩ জুন, ২০২৩ হতে অত্র উপজেলায় কৃষি মেলার আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় সবাই উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।<br>**সিদ্ধান্তঃ** (১) খাদ্য উৎপাদন বৃদ্ধিতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখাসহ আবাদের বাহিরে কোন প্রকার পতিত জমি যেন না থাকে সে দিকে দৃষ্টি দেয়ার জনয উপজেলা কৃষি কর্মকর্তা, রামগঞ্জ, লক্ষ্মীপুরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) যথাযথভাবে কৃষি মেলা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, রামগঞ্জ, লক্ষ্মীপুর। |
| ৩ | স্বাস্থ্য বিভাগ সংক্রান্তঃ | **আলোচনাঃ** ০১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সরকারি মেরামতের কাজ চলমান থাকায় জরুরী বিভাগের সেবা প্রদান সম্ভব হচ্ছে না এবং নরমাল ডেলিভারি এবং সিজারিয়ান রোগী ছাড়া কোন রোগী ভর্তি নেওয়া সম্ভব হচ্ছে না। তিনি বলেন, | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রামগঞ্জ, |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ০৩নং অনুচ্ছেদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যয়ের ফ নং ক্রমিকের নির্দেশনামতে রামগঞ্জ উপজেলাধীন ১০ (দশ) টি ইউনিয়ন পরিষদে মশা নিধনের জন্য প্রতি ইউনিয়নে ১০,০০০/-(দশ হাজার) টাকা করে সর্বমোট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। | মশা নিধনের জন্য উপজেলাধীন ১০ (দশ) টি ইউনিয়ন পরিষদে মশা নিধনের জন্য প্রতি ইউনিয়নে ১০,০০০/-(দশ হাজার) টাকা করে সর্বমোট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রস্তাব সভায় সর্বসম্মতক্রমে গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর। ০২। উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর। |
| ০৮ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর সভায় জানান যে, তার কার্যালয়ের ফটোকপি মেশিনের টোনার (TOSHIBA PHOTOCOPY TONER MODEL-2323C) ক্রয় বাবদ ১৯৪৭০/-(উনিশ হাজার চারশত সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর সভায় জানান যে, তার কার্যালয়ের ফটোকপি মেশিনের টোনার (TOSHIBA PHOTOCOPY TONER MODEL-2323C) ক্রয় বাবদ ১৯৪৭০/-(উনিশ হাজার চারশত সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রস্তাব সভায় সর্বসম্মতক্রমে গৃহীত হয়। | |

আগামী সভার আগেই সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের কার্যপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। পরিশেষে রামগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়নে সকলের সমন্বিত প্রচেষ্টা কামনা করে সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০০৭.২৩

(মনির হোসেন চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রামগঞ্জ, লক্ষ্মীপুর।

স্মারক নং-০৪.৫২.৫১৬৫.০০০.১৪.০০১.২৩- ৬৮১ তারিখঃ ৩০.০৭.২০২৩ খ্রি.।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। ড.আনোয়ার হোসেন খান, মাননীয় সংসদ সদস্য, ২৭৪ লক্ষ্মীপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
৩। মেয়র, রামগঞ্জ পৌরসভা, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৪। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৫। উপজেলা .................................................. অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৬। চেয়ারম্যান, .......নং ..............................ইউনিয়ন পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৭। কার্যালয় প্রতিলিপি।

৩০/০৭/২৩

(মোছা: শারমিন ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
রামগঞ্জ, লক্ষ্মীপুর।